



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**17 SEPTEMBER 2024**

**7:35 AM IST**

=====

রাষ্ট্রপতি দ্রৌপদী মুৰ্মু আজ নতুন দিল্লীর ভারত মন্ডপমে অষ্টম ভারত জল সপ্তাহ - ২০২৪ এর উদ্বোধন করবেন । জল শক্তি মন্ত্রকের উদ্যোগে চারদিন ব্যাপী আয়োজিত জল সপ্তাহ কার্যসূচীতে দুশ জন বিদেশী প্রতিনিধি সহ দেশের জল বিশেষজ্ঞরা বিভিন্ন বিষয়ের উপর আলোচনায় অংশগ্রহন করবেন । এই কার্যসূচীতে একশ-রও বেশী প্রদর্শক এবং ষ্টাটআপ জল ক্ষেত্রে নিজ নিজ ভাবনা প্রদর্শন করবেন । আগামী ২০ সেপ্টেম্বর এই কার্যসূচী শেষ হবে ।

---

দেশের ১৪০ কোটি নাগরিক ভারতকে বিশ্বের শীর্ষ তিনটি অর্থনৈতিক দেশের মধ্যে নিয়ে আসার লক্ষ্যে সংকল্পবদ্ধ হয়ে কাজ করে যাচ্ছেন । প্রধানমন্ত্রী নরেন মোদী গতকাল গান্ধীনগরে পি এম সূর্য ঘর বিদ্যুৎ প্রকল্পের সূচনা করে একথা বলেন । প্রধানমন্ত্রী বলেন যে- পি এম সূর্য ঘর বিনামূল্যে বিদ্যুৎ প্রকল্পের মাধ্যমে ভারতের প্রতিটি ঘর বিদ্যুৎ উৎপাদক

হিসেবে পরিণত হবে । এই প্রকল্পের জন্যে সমগ্র দেশের এক কোটিরও বেশি লোক নিজেদের নাম নথিভুক্ত করেছেন । এই প্রকল্পের আওতায় এপর্যন্ত সমগ্র দেশের তিন লক্ষেরও বেশি ঘরের ছাদে সৌর প্যানেল লাগানো হয়েছে । প্রধানমন্ত্রী একইসঙ্গে যুব সম্প্রদায়ের জন্যে নবীকরণযোগ্য শক্তি ক্ষেত্রে পর্যাপ্ত পরিমাণে চাকুরি ও দক্ষতার সুযোগ সৃষ্টির উপরও বিশেষভাবে গুরুত্ব আরোপ করেছেন । দেশের ১৭টি মহানগরকে সৌর নগর হিসেবে গড়ে তোলার বিষয়ে সরকারের পরিকল্পনার কথাও প্রধানমন্ত্রী উল্লেখ করেন । শ্রী মোদী বলেন যে- সরকারের বর্তমান কর্ম পরিকল্পনা হচ্ছে- ২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি বিকশিত রাষ্ট্র হিসেবে গড়ে তোলা । সরকারের এই পরিকল্পনার সাফল্য তৃতীয় কার্যকালের প্রথম একশো দিনে গ্রহণ করা সিদ্ধান্ত গুলির মাধ্যমেই সুন্দরভাবে প্রতিফলিত হয়েছে ।

---

রাজ্যে আগামী ২০৩০ সালের মধ্যে সবুজ শক্তির মাধ্যমে তিন হাজার মেগাওয়াটেরও বেশি শক্তি উৎপাদনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তুবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে সবুজ ভবিষ্যতের পথে রাজ্যের অবদানের বিষয়টি জাতীয় স্বীকৃতি লাভ করার কথা প্রকাশ করে বলেন যে- জীবাশ্ম বর্হিভূত শক্তির উৎস ব্যবহারের মাধ্যমে দেশের নেট জিরো'র লক্ষ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে আসাম শ্রেষ্ঠত্বের সম্মান লাভ করেছে । উল্লেখ্য- ভারত ২০৩০ সালের মধ্যে জীবাশ্ম বর্হিভূত শক্তির উৎস থেকে আহরণ করা শক্তির দ্বারা উৎপাদিত বিদ্যুৎ শক্তির সামর্থ্য ৫০০ গিগাওয়াট পর্যন্ত বৃদ্ধির লক্ষ্য হাতে নিয়েছে এবং এজন্যে একশো শতাংশ প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগে অনুমোদন জানানো হয়েছে ।

---

রাজ্যের কলেজগুলির স্নাতক পাঠ্যক্রমে দক্ষতা বিকাশের শিক্ষা অন্তর্ভুক্ত করার জন্য শিক্ষা মন্ত্রক প্রচেষ্টা অব্যাহত রেখেছে বলে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেণ্ডু জানিয়েছেন । কোকরাঝাড়ে অনুষ্ঠিত এক সভায় বক্তব্য রাখতে গিয়ে শিক্ষামন্ত্রী ডাঃ পেণ্ডু জানান যে- চলতি শিক্ষাবর্ষ থেকে রাজ্যের কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে সবধরনের দক্ষতা বিকাশের পাঠ্যক্রম প্রবর্তনের বিষয়ে রাজ্য সরকার প্রচেষ্টা অব্যাহত রেখেছে ।

---

করিমগঞ্জ জেলায় আসন্ন দুর্গা পূজা উৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে গতকাল জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে একটি প্রশাসনিক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় দুর্গোৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সরকারী নীতি-নির্দেশনা পাঠ করে শুনান সহকারী আয়ুক্ত প্রিয়াঙ্কা ইয়ামনাম । সভায় প্রতিটি পূজা মন্ডপে পানীয় জল , অগ্নি নির্বাপক বাহিনী রাখার ব্যবস্থা , ডাষ্টবিন, সিসি টিভি , পার্কি ব্যবস্থা রাখার নির্দেশ দেওয়া হয়েছে । সভায় করিমগঞ্জ পৌরসভার সভাপতি রবীন্দ্র চন্দ্র দেব , অতিরিক্ত আয়ুক্ত ভুব জ্যোতি পাঠক সহ বিভিন্ন পূজা কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন ।

---

করিমগঞ্জ জেলার চা বাগানগুলোতে আসন্ন দুর্গা পূজার আগে শ্রমিকদের বোনাস প্রদান করার বিষয় নিয়ে গতকাল জেলা আয়ুক্ত

মৃদুল যাদবের পৌরহিত্যে প্রশাসনিক স্তরে এক সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় আগামী ২৫ শে সেপ্টেম্বরের পূর্বে চা শ্রমিকদের মধ্যে বোনাস প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় । সভায় বরাক চা শ্রমিক ইউনিয়নের পক্ষ থেকে ২০ শতাংশ বোনাস প্রদান করার প্রস্তাব করা হয় । এদিকে বোনাস প্রদানের সময় সুরক্ষা ব্যবস্থা সুনিশ্চিত করতে জেলা প্রশাসনের পক্ষ থেকে বোনাস প্রদান করার পূর্বে প্রশাসনকে অবগত করতে বাগান কর্তৃপক্ষকে বলা হয়েছে । পূজোর দিনগুলোতে চা বাগান অঞ্চলের আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখতে পুলিশী টহলদারী চালানো হবে বলেও সভায় জানানো হয় । এছাড়া জেলা আয়ুক্ত আবগারী বিভাগকে প্রতিটি চা বাগানে বিশেষ অভিযান চালাতে নির্দেশ দিয়েছেন । সভায় জেলার ২৩ টি চা বাগান পরিচালন কর্তৃপক্ষের কর্মকর্তা , বরাক চা শ্রমিক ইউনিয়নের সহ সভাপতি সিপুজন রবিদাস , সচিব বাবুল নারায়ণ কানু , টি এসোসিয়েশন অব ইন্ডিয়া ( টাই ) এর সাধারণ সম্পাদক শরদিন্দু ভট্টাচার্য প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

করিমগঞ্জ পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল সুপ্রাকান্দি অঞ্চলে অভিযান চালিয়ে একটি বলেরো গাড়ি থেকে এক লক্ষ ২০ হাজার ইয়াবা ট্যাবলেট এবং ৫৩৭ গ্রাম হেরোইন জব্দ করেছে । আমাদের করিমগঞ্জ সংবাদদাতা জানিয়েছেন যে পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে তিনজন ব্যক্তিকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---